

আন্তর্জাতিক এয়ারট্রাফিক কন্ট্রোলার্স ডে উদযাপন

- A Monitor Desk Report

Date: 21 October, 2024



ঢাকাঃ ১৯৬১ সাল থেকে প্রতি বছর ২০ অক্টোবর বিশ্বব্যাপী আন্তর্জাতিক এয়ারট্রাফিক কন্ট্রোলার্স ডে উদযাপন হয়ে আসছে।

দিনটি উদযাপন উপলক্ষে রবিবার (২০ অক্টোবর) বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের (বেবিচক) এয়ার ট্রাফিক ম্যানেজমেন্ট (এটিএম) ডিভিশন কর্তৃক বেবিচক সদর দপ্তর অডিটরিয়ামে এক স্মৃতিচারণমূলক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

বেবিচক-এর অবসরপ্রাপ্ত ও কর্মরত সকল কন্ট্রোলারগণ, কর্তৃপক্ষের উর্ধ্বতন কর্মকর্তা, বিভিন্ন এয়ারলাইন্স প্রতিনিধি ও বাংলাদেশ বিমান বাহিনীর উর্ধ্বতন কর্মকর্তা ও কন্ট্রোলারগণের উপস্থিতিতে এটি একটি মিলনমেলায় পরিণত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ বিমান বাহিনীর প্রধান এয়ার চিফ মার্শাল হাসান মাহমুদ খাঁন। বিশেষ অতিথি ছিলেন বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় সচিব নাসরীন জাহান এবং বেবিচক চেয়ারম্যান এয়ার ভাইস মার্শাল মো. মঞ্জুর কবীর ভূঁইয়া। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন সদস্য (এটিএম) এয়ার কমডোর এ কে এম জিয়াউল হক।

প্রধান অতিথি হাসান মাহমুদ খাঁন তার বক্তব্যে বলেন, নিরাপদ বিমান উড্ডয়ন ও অবতরনের মতো দায়িত্বশীল ও ব্যতিক্রমধর্মী কাজকে জনসম্মুখে তুলে ধরার জন্য এ ধরনের উদ্যোগ প্রশংসনীয়। এভিয়েশন সেক্টরের মাধ্যমে বাংলাদেশ বিপুল পরিমাণ রাজস্ব আয় করে থাকে। কর্তৃপক্ষের মোট আয়ের ৮০ শতাংশই আসে অ্যারোনটিক্যাল খাত থেকে, যেখানে এয়ার ট্রাফিক কন্ট্রোলারগণের ভূমিকাই মুখ্য। তাই দেশ ও জনগণের স্বার্থে এ খাতের সাথে যুক্ত সকলকে সমষ্টিগতভাবে দায়িত্বশীলতার সাথে কাজ করতে হবে।

এ প্রসঙ্গে তিনি আরও বলেন, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ তথা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এ খাতের উন্নয়নে যুগান্তকারী পদক্ষেপ গ্রহণ করেছে এবং করছে।

অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন নভোএয়ার, ইউএসবাংলা, এয়ার এন্ট্রী এবং বিমান বাংলাদেশ এয়ারলাইন্স-এর প্রতিনিধিগণ।

